AAJKAAL DATED 03·09·2018

ইউনাইটেড ক্রেডিট লিমিটেড

CIN: L65993WB1970PLC027781

রেজিস্টার্ড অফিস: ২৭ বি, ক্যামাক স্ট্রিট (৯ম তল), কলকাতা–৭০০০১৬

ফোন নং (033) 2287-9359/9360, ফ্যাক্স নং (033) 2287-2047

ই–মেল: unitedcredit@vsnl.com, ওয়েবসাইট: www.unitedcredit.com

৪৭তম বার্ষিক সাধারণসভা

ভিত্তি তারিখ/ রেকর্ড তারিখ এবং ই–ভোটিং–এর তারিখ

এতদ্দ্বারা জানানো যাচ্ছে যে, ইউনাইটেড ক্রেডিট লিমিটেডের সদস্যদের ৪৭তম সাধারণসভা ২৮ সেপ্টেম্বর, ২০১৮ তারিখ, শুক্রবার বেলা ১০টায় 'শ্রীপতি সিংহানিয়া হল', রোটারি সদন, ৯৪/২, চৌরঙ্গি রোড, কলকাতা–৭০০০২০–তে অনুষ্ঠিত হবে।

সভায় আলোচ্য বিষয় ও নির্বহনীয় কার্যাবলি সম্পর্কে উক্ত বার্ষিক সাধারণসভা আহ্বায়ক বিজ্ঞপ্তিতে উল্লেখ করে দেওয়া হয়েছে।

সদস্যগণকে এতদ্দ্বারা জানানো হচ্ছে যে, আলোচ্য ৪৭তম বার্ষিক সাধারণসভায় (এজিএম) প্রস্তাবনীয় বিষয় ও কার্যাবলির ওপর নিজ নিজ মতামত রিমোট ই–ভোটিং প্রক্রিয়ার মাধ্যমে (সভাস্থল ছাড়াও অন্য যে কোনও স্থানে থেকে বৈদ্যুতিন পদ্ধতিতে ভোটাধিকার প্রয়োগের সুবিধা) জানাতে পারেন, আবার, ব্যবহারিক ব্যালট পেপার ব্যবহার করে সভাস্থলে এসেও ভোটাধিকার প্রয়োগ করা যেতে পারে। সেবি (লিস্টিং অবলিগেশনসন অ্যান্ড ডিসক্লোজার রিকোয়ারমেন্টস) রেগুলেশনস. ২০১৫–এর রেগুলেশন ৪৪ এবং কোম্পানি বিষয়ক (প্রশাসন ও পরিচালন সম্পর্কিত) সংশোধিত আইনবিধি ২০১৫ দ্বারা সংশোধিত কোম্পানি বিষয়ক (প্রশাসন ও পরিচালন সম্পর্কিত) আইনবিধি ২০১৪–এর ২০ নং বিধি সহযোগে পঠনীয় কোম্পানি বিষয়ক আইন ২০১৩–এর ১০৮ নং ধারার বিধানাবলি অনুযায়ী উক্ত ব্যবস্থা করা হয়েছে। রিমোট ই–ভোটিং প্রক্রিয়া পরিচালনের উদ্দেশ্যে কোম্পানির তরফ থেকে সেন্ট্রাল ডিপোজিটরি সার্ভিসেস (ইন্ডিয়া) লিমিটেডের পরিষেবা নিযুক্ত করা হয়েছে। ইলেকট্রনিক পদ্ধতিতে ভোট দেওয়া সভাতে থাকার যোগ্যতা নির্ধারণের জন্য ২১ সেপ্টেম্বর, ২০১৮ ভিত্তি তারিখ/ রেকর্ড তারিখ হিসেবে নির্ধারিত হয়েছে। স্বচ্ছ ও নিরপেক্ষ পদ্ধতিতে ব্যবহারিক ব্যালট পেপারে উক্ত এজিএম–তে ভোটদান করা এবং ই–ভোটিং প্রক্রিয়ায় ভোটদান করার জন্য পরিচালকমণ্ডলী স্ক্রুটিনাইজার হিসেবে শ্রীমতী ইন্দ্রাণী চৌধুরি, পেশারত কোম্পানি সেক্রেটারি, কলকাতা (সদস্যভুক্তি নং এসিএস ৮৭৩৯ ও সিপি নং ৬৬৬৭) নিযুক্ত করেছেন।

রিমোট ই–ভোটিং–এর মেয়াদ শুরু ২৪ সেপ্টেম্বর, ২০১৮ সকাল ৯টা এবং শেষ ২৭ সেপ্টেম্বর, ২০১৮ বিকেল ৫টা।

সদস্যগণ ফিজিক্যাল আকারে বা ডিমেটিরিয়ালাইজড আকারে শেয়ারের অধিকারী কোম্পানির সদসল্যগণ রিমোট ই–ভোটিং–এর সুবিধা নিতে পারেন। ২৭ সেপ্টেম্বর, ২০১৮ বিকেল ৫টার পর সি ডি এস এল কর্তৃক রিমোট ই–ভোটিং ব্লক করা হবে এবং ওই তারিখ ও সময়ের পর রিমোট ই–ভোটিং–এর অনুমতি দেওয়া হবে না।

সদস্য কোনও প্রস্তাবের ওপর একবার ভোট দিলে, তাঁকে পরবর্তীকালে তা বদল করার বা পুনরায় ভোট দেওয়ার অনুমতি দেওয়া হবে না।

রিমোট ই–ভোটিং মারফত ভোট দিয়েছেন এমন সদস্যগণ সভায় যোগ দিতে পারেন, তবে তাঁরা পুনরায় ভোট দেওয়ার যোগ্য হবেন না।

ভোটাধিকার হিসেব করা হবে ২১ সেপ্টেম্বর, ২০১৮ তারিখ মতো (অর্থাৎ নির্ণায়ক তারিখ) সদস্যগণের নামে রেজিস্টার্ড শেয়ারের ভিত্তিতে। নির্ণায়ক তারিখ মতো কোম্পানির সদস্যদের রেজিস্টারে বা ডিপোজিটরিজ কর্তৃক রক্ষিত বেনিফিসিয়াল ওনার্স–এর রেজিস্টারে যে সমস্ত সদস্যের নাম নথিভুক্ত, কেবল তাঁরাই রিমোট ই–ভোটিং মারফত অথবা এ জি এমে ফিজিক্যাল ব্যালট পেপার মারফত তাঁদের ভোট দেওয়ার যোগ্য নির্ণায়ক তারিখ মতো কোম্পানির সদস্য নন, এমন ব্যক্তি এই নোটিসকে শুধুমাত্র তথ্য হিসেবে গণ্য করবেন।

এ জি এম–এর নোটিস প্রেরণের পর কোম্পানির সদস্য হয়েছেন, কিন্তু ২১ সেপ্টেম্বর, ২০১৮ তারিখে (অর্থাৎ নির্ণায়ক তারিখ) বা তৎপূর্বে শেয়ারের অধিকারী ব্যক্তিগণ রিমোট ই–ভোটিং–এর উদ্দেশ্যে ইউজার আই ডি ও পাসওয়ার্ড–এর জন্য কোম্পানির রেজিস্ট্রারকে rta@cbmsl.com-তে লিখতে পারেন। রিমোট ই–ভোটিং–এর জন্য সি ডি এস এল–এ ইতিমধ্যেই রেজিস্টার্ড সদস্যগণ অবশ্য এই উদ্দেশ্যে তাঁদের বর্তমান ইউজার আইডি ও পাসওয়ার্ড ব্যবহার করতে পারেন।

সদস্যগণকে আরও জানানো হচ্ছে যে, ৪৭তম এ জি এম–এর নোটিস সমস্ত সদস্যকে অনুমোদিত পদ্ধতিতে পাঠানো হয়েছে। ৩১ মার্চ, ২০১৮ তারিখে সমাপ্ত আর্থিক বছরের জন্য কোম্পানির ৪৭তম বার্ষিক রিপোর্ট যে সমস্ত সদস্যের ই–মেল অ্যাড্রেস কোম্পানিতে বা ডিপোজিটরিজে রেজিস্টার্ড তাঁদের বৈদ্যুতিন পদ্ধতিতে এবং অন্য সদস্যদের ফিজিক্যাল পদ্ধতিতে পাঠানো হয়েছে।

এ জি এম নোটিস প্রেরণ ও ডিরেক্টর্স রিপোর্ট ও আর্থিক বিবৃতি পাঠানো ৩১ আগস্ট ২০১৮–তে শেষ হয়েছে।

রিমোট ই–ভোটিং প্রক্রিয়া–সহ এ জি এম নোটিস পাওয়া যাবে কোম্পানির ওয়েবসাইট www.united-creditltd.com এবং সি ডি এস এল ওয়েবসাইট www.evotingindia.com-এ।

সদস্যদের এও জানানো হয়েছে যে রিমোট ই–ভোটিং/এ জি এমে ব্যবহারিক ব্যালটে ভোটিংয়ের সম্মিলিত ফলাফল স্ক্রুটিনাইজারের রিপোর্ট–সহ কোম্পানি শেয়ার তালিকাভুক্তির বি এস ই লিমিটেড ও কলকাতা স্টক এক্সচেঞ্জ লিমিটেডকে জানানো হবে এবং তা দেওয়া হবে কোম্পানির ওয়েবসাইট www.unitedcreditltd.com ও সি ডি এস এল ওয়েবসাইট www.evotingindia.com-এ।

বৈদ্যুতিন মাধ্যমে ভোট সংক্রান্ত অভিযোগ থাকলে সদস্যরা যোগাযোগ করতে পারেন মিঃ অরুণাভ বিশ্বাস, ভাইস প্রেসিডেন্ট ও কোম্পানি সেক্রেটারির সঙ্গে কোম্পানির ঠিকানা, ফোন নং ও ই–মেল আইডি মারফত।

রিমোট ই–ভোটিং সংক্রান্ত কোনও জিজ্ঞাসা থাকলে www.evotingindia.com-এর হেল্প সেকশনে শেয়ারহোল্ডারদের ফ্রিকোয়েন্টলি আস্কড কোশ্চেনস (এফ এ কিউ) এবং শেয়ারহোল্ডারদের রিমোট ই–ভোটিং ইউজার ম্যানুয়াল দেখতে পারেন বা যোগাযোগ করতে পারেন মিঃ অর্ঘ্য মজুমদার, অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার, বিজনেস ডেভেলপমেন্ট, সি ডি এস এল, ইউনিট নং– এ১(II) ও এ১(III), ব্লক এ, ২য় তল, ২২ ক্যামাক স্ট্রিট (অবনীন্দ্রনাথ ঠাকুর সরণি), কলকাতা– ৭০০ ০১৬–এ নিঃশুল্ক নম্বর ১৮০০–২০০–৫৫৩৩–এ বা ই–মেল আইডি helpdesk.evoting@cdslindia.com-এ।

এই প্রকাশ্য বিজ্ঞপ্তি কোম্পানির ওয়েবসাইট www.unitedcreditltd.com এবং সি ডি এস এল ওয়েবসাইট www.evotingindia.com–এ দেওয়া হয়েছে।

ইউনাইটেড ক্রেডিট লিমিটেডের পক্ষে

স্থান: কলকাতা

অরুণাভ বিশ্বাস

তারিখ: ১ সেপ্টেম্বর, ২০১৮

ভাইস প্রেসিডেন্ট ও কোম্পানি সেক্রেটারি

দ্রষ্টব্য: ৪৭তম এ জি এম–এ যোগদান ও ভোটদানে যোগ্য সদস্য কোনও প্রক্সিকে তাঁর বদলে যোগদান ও ভোটদানের জন্য নিয়োগ করতে পারেন, তার কোম্পানির সদস্য হওয়ার দরকার নেই। প্রক্সিকে কার্যকর করতে এ জি এম শুরুর কমপক্ষে ৪৮ ঘণ্টা আগে তাঁকে কোম্পানির রেজিস্টার্ড অফিসে রেজিস্টার্ড হয়ে সইসাবুদ করাতে হবে।

সভায় যোগদানের সময় প্রক্সি ব্যক্তিকে তার পরিচি[illegible] প্রমাণ কর[illegible]বে।